# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৬৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫২. পেশাব থেকে মাটি পবিত্র করার নিয়ম

بَابٌ فِي طَهَارَةِ الْأَرْضِ مِنَ الْبَوْلِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ عِيسَى بْنِ أَبِي حَيَّةَ ، نَا أَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ مُحَمَّدُ بْنُ يَزِيدَ ، نَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ ، حَدَّثَنَا سَمْعَانُ بْنُ مَالِكٍ ، عَنْ أَبِي وَائِلٍ ، عَنْ عَبْدِ اللَّهِ ، قَالَ : جَاءَ أَعْرَابِيٌّ فَبَالَ فِي الْمَسْجِدِ ؛ فَأَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِمَكَانِهِ فَاحْتُفِرَ ، فَصُبَّ عَلَيْهِ دَلْوٌ مِنْ مَاءٍ ، فَقَالَ الْأَعْرَابِيُّ : يَا رَسُولَ اللَّهِ ، الْمَرْءُ ، يُحِبُّ الْقَوْمَ وَلَمَّا يَعْمَلْ عَمَلَهُمْ ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " الْمَرْءُ مَعَ مَنْ أَحَبَّ " . سَمْعَانُ مَجْهُولٌ

বাংলা

৪৬৯(২). আবদুল ওয়াহহাব ইবনে ঈসা ইবনে আবু হায়্যা (রহঃ) ... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক বেদুঈন এসে মসজিদের ভিতরে পেশাব করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশ দিলে জায়গাটির মাটি তুলে ফেলা হলো এবং সেখানে এক বালতি পানি ঢেলে দেয়া হলো। বেদুঈন বলল, ইয়া রাসূলাল্লাহ! কোন লোক কাউকে ভালোবাসে কিন্তু সে তাদের মত আমল করতে পারে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন ব্যক্তি কাউকে ভালোবাসলে সে তাদের সাথেই আছে (আবু দাউদ)। সামআম অজ্ঞাত রাবী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80258

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন